গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪- ১০৮৫      তারিখ ঃ ১১/১২/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ <u>রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে</u> ।

রাজৈর উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ১৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১১.১২.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা................................ কর্মকর্তা রাজৈর। পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র cauzprajoir@gmail.com/ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৯। চেয়ারম্যান (সকল), ..........................ইউপি, রাজৈর।
১০। জনাব.........................................................
.........................................................

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

## উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর ডিসেম্বর-২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স।
তারিখ : ১৮-১২-২০২৩খ্রিঃ
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>রোপা আমন/২০২৩-২৪ এর আবাদ+ কর্তনের তথ্যঃ- রাজৈর উপজেলায় চলতি মৌসুমে রোপা আমন আবাদ-২৪২৮ হেক্টর, কর্তন ২৪২৮ হেক্টর, ফলন ৫৬২৪ মে.টন।<br>রবি/২০২৩-২৪ আবাদের তথ্যঃ<br>বোরো ধান-১০১০০ হেক্টর (লক্ষমাত্রা), গম-১৩৫০ (হে.), সরিষা-২৮৪০ (হে.), মসুর-১০৮৪ (হে.), ধনিয়া-৫৫০ (হে.)।<br>রবি প্রনোদনা (২০২৩-২০২৪)<br>হাইব্রিড ধান-৩৪০০ (লক্ষমাত্রা), অর্জন-৩৪০০<br>বোরো ধান (উফশি)-২৭০০, অর্জন-২৭০০<br>রবি ফসল-৬১০০, অর্জন-৬১০০,<br>ভর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতী ক্রয়ঃ ৫০% ভর্তুকী মূল্যে কম্বাইন্ড হারভেস্টার-৫ টি, রিপার-১২ টি, রাইস ট্রান্সপ্লান্টার-১ টি।<br>সারের বরাদ্দ- ইউরিয়া-৩২৬ মে.টন, ডিএপি-৩০৫ মে.টন, টিএসপি-৪৫ মে.টন, ও এমওপি-৯০ মে.টন।<br>পারিবারিক পুষ্টি বাগান স্থাপন-৫৮৩ টি (২০২০-২১ অর্থ বছর হতে ২০২২-২৩ এ স্থাপিত) | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণকরণসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ । | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-১৭৫০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-২৬০০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-২১৯৩ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২১০৩৮ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-০৯ টি, কৃত্রিম প্রজনন-৫৪৩ টি, সংকর জাতের বাছুরের তথ্য-১৮৭ টি, গবাদিপশুর খামার স্থাপন-০৩ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০১, খামার পরিদর্শন-০৮ টি, উঠান বৈঠকের আয়োজন-০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ২৪০, উন্নত জাতের ঘাসের চাষ-০১ একর। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন তহবিল হতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন চলমান। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, বীর নিবাস ২য় পর্যায়ে ৫৮ টি গৃহের কাজ ৯০% সমাপ্ত হয়েছে। ইন্দিরপুর বন্যা আশ্রয়কেন্দ্রে ৫৫% কাজ সমাপ্ত হয়েছে। সাতিরপাড় আফতাব উদ্দীন মিনা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয় কেন্দ্র দ্রুত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে। ভূমি মন্ত্রণালয়ের (সিডিআরপি) প্রকল্পের আওতায় ২৬ টি গৃহের ২৫% কাজ সমাপ্ত হয়েছে। কবিরাজপুর শেখ বাড়ি সংলগ্ন খালের উপর ১৫ মিটার গার্ডার ব্রীজের কাজ দ্রুত শুরু হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজস্ব বাজেটের আওতায় দুই ব্যাচে মোট ৪০ জন মৎস্যচাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাটকা সংরক্ষণ অভিযান বাস্তবায়ন ও নিষিদ্ধ জাল (চায়না জাল, কোল জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাঃ শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বর্তমান মাসে খাবার বড়ির মসিক লক্ষ্যমাত্রা-১৫৭২, অর্জন-৬৯৯, ইনজেকটেবলস-৭৬৬, অর্জন-২৮০, কনডম-২৮২, অর্জন-৮১, আইইউডি-৬০, অর্জন-০১, ইমপ্লান্ট-৭৭, অর্জন-৫৭ এবং স্থায়ী পদ্ধতি-২০, অর্জন-৬। উপজেলার মোট সক্ষম দম্পতি-৪৮৯৪৭ জন মোট গ্রহণকারী-৩৭৫০৫ জন। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরন ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, সকল ভাতাভোগীর ২০২৩-২৪ অর্থ বছরের ২য় কিস্তি পেরোল প্রস্তুত ও মৃত্যু প্রতিস্থাপন কাজ চলছে। ভাতার আওতায় থাকা সকল প্রতিবন্ধীদের প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ সম্পন্ন করার জন্য পৌর মেয়র ও ইউপি চেয়ারম্যান সকলকে অনুরোধ করা হয়। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদনপত্র গ্রহণ চলমান রয়েছে। ৪৩ জন ঋণ গ্রহীতার মাঝে ১৯ (উনিশ) লক্ষ টাকা বিনিয়োগ ও পুনঃ বিনিয়োগের ব্যবস্থা করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | প্রতিবন্ধীদের প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ সম্পন্ন করতে পৌর মেয়র ও ইউপি চেয়ারম্যান সকলকে অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, লক্ষমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতি/দলগঠন-০১ টি। সদস্য/সদস্যা ভর্তি মাসে-৫৫ জন, বছরে-১৬৭ জন। শেয়ার আদায়-০ টাকা, বছরে ০.২১ টাকা, সঞ্চয় আদায় মাসে-১১.১২ লক্ষ টাকা, বছরে ৪২.২১ লক্ষ টাকা, ঋণ বিতরণ মাসে-২৫৬.৫৪ লক্ষ টাকা, বছরে ৯৬৩.২৩ লক্ষ টাকা, ঋণ আদায় মাসে-২১২.২৯ লক্ষ টাকা, বছরে-৪৭.৮৩ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১০৭ টি, গরু মোটাতাজাকরণ- ৮০ টি, হাঁস মুরগি পালন- ১৩০ টি, সবজি চাষ- ১৫৭ টি, ক্ষুদ্র ব্যবসা-১৪২ টি ও কৃষি কাজ- ১২৩ টি। সর্বমোট-৭৩৯ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। অফিসের সামনের রাস্তাটি নিচু হওয়ায় বর্ষাকালে পানিতে নিমজ্জিত থাকে। ফলে চাকুরীরত কর্মকর্তা/কর্মচারী ও সেবা প্রত্যাশিতদের যাতায়াতে অসুবিধার সম্মুখিন হতে হয়। দ্রুত রাস্তাটি পুনঃনির্মাণ/সংস্কার/মেরামত করার জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ রইল। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসের সামনের রাস্তাটি পুনঃনির্মাণ/সংস্কার/মেরামত করার জন্য মেয়র রাজৈর পৌরসভাকে অনুরোধ করা হয়। মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, (১)বরাদ্দকৃতমোট ঋণ তহবিল (রাজস্ব)-২৫,৩৮,৮০০/-, (২)মোট ঋণ বিতরণ ৩৫৩১২৫০০/-,(৩)আদায়যোগ্য আসল ৩২৪০০৮৬৩/-,(৪)আদায়কৃত আসল ৩১৩০২০৫১/(৫)ক্রমপুঞ্জিতআদায়েরহার ৯৬.৬০%(৬)মোট ঋণখেলাপী- =৬১১৬৮৬/-,(৭)ঋণ খেলাপীর সংখ্যা-৩৫ জন,(৮)ঋণ গ্রহিতার সংখ্যা-১৩৬৪ জন,(৯) ২০২৩-২৪অর্থবছরে ঋণ গ্রহিতার সংখ্যা(পুঃ ০৫+মঃ ১৬) =২১ জন,যুব ঋণ বিতরণ ১২৫০০০০/-টাকা ও এ মাসে প্রশিক্ষন (পুঃ ০৬+মঃ ৫৪ জন)= ৬০ জন, বছরে প্রশিক্ষন =(৩৫+২০৫)=২৪০ জন (১০)ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ(পুঃ ২২১৫+মঃ ৪৬৮৭)=৬৯০২ জন, | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (১১)ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ১০৬২+মঃ ২০২৯)= ৩০৯১ জন,(১২)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণের বরাদ্দ মোট- ২০,০০,০০০/-(১৩)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণ বিতরণ মোট- ৩৯,২০,০০০/-,(১৪)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আদায়যোগ্য আসল মোট-৩৬৫১২০০/-,(১৫)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আদায়কৃতআসল ৩৬০২৫০০/-, (১৬) আদায়ের হার-৯৯% (১৭)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণীর সংখ্যা - ৩৫৫ জন,(১৮)২০২৩-২৪ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা-(পুঃ০০+মঃ০০)=০০ জন,(১৯)ক্রমপুঞ্জিত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৮৪+মঃ ১৭১)- ৩৫৫ জন,(২০) মোট ঋণখেলাপী- ৪৮৭০০,(২১)ঋণ খেলাপীর সংখ্যা-৩০জন, (২২) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণের মোট বরাদ্দ-৪,০০,০০০/-(২৩)প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ মোট বিতরণ-৪,৫০,০০০/-,(২৪) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়যোগ্য আসল-৪,৫০,০০০/-,(২৫) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়কৃত আসল-৪১৪৮৩৩/-,(২৬) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়ের হার-৯২%,(২৭) মোট ঋণখেলাপী-৩৫,১৬৭/-,(২৮)মোট ঋণখেলাপী সংখ্যা-০১জন, (২৯) জোরদারকরণ প্রকল্পের ঋণীর মোট সংখ্যা-১৫ জন, (২৮) জোরদারকরণ প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০)=০ জন,(২৯) জোরদারকরণ প্রকল্পের ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩)= ২২০০ জন,(৩০) জোরদার-করণ প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০)=০ জন,(৩১) জোরদারকরণ প্রকল্পের ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ৪০৮ +মঃ ৭৫২)=১১৬০ জন,(৩২) নিবন্ধনকৃত যুব সংগঠনের মোট সংখ্যা-২৪টি। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২টি, বিভাগীয় প্রাথমিক ১২৮টি, পঃউঃবোঃ কেন্দ্রীয় ০১টি ও পঃউঃবোঃ প্রাথমিক ১৭৯টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ১৩১টি এবং অডিট সম্পন্ন হয়েছে প্রাথমিক ৩৩টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৮৩৫২০/- টাকা এবং অডিট আদায় হয়েছে ৮৩৫২০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৭৯১৩৪/- এবং আদায় ৭৯১৩৪/- টাকা। গজনর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্জ আদায়-২৬১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। দুগ্ধ প্রকল্পে মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)-৪৭৫.০০, ঋণ আদায়যোগ্য-৪৩৭.২৮, আদায়যোগ্য হয়নি-৩৮.২৮, ঋণ আদায়-২৮০.৪২৮ এবং সার্ভিস চার্জ আদায়-৩৬.৬২৬/- টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাঠে ঋণ আদায়ে কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | উপজেলা নির্বাচন অফিসার, রাজৈর সভায় জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আগামী ০৭ জানুয়ারি ২০২৪ অনুষ্ঠিত হবে। একারনে রাজৈর উপজেলায় জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। নতুন ভোটার নিবন্ধন কার্যক্রম আপাতত বন্ধ থাকবে। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় জানান যে, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৫০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২২-২৩ অর্থবছরে গভীর নলকূপের কাজ ৯০% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩অর্থবছরে ২৮৬ টি এবং ২০২৩-২৪ অর্থবছরে ২৮৬টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। ২০২২-২৩ অর্থবছরে গভীর নলকূপের কাজ ৭৫% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। | গভীর নলকূপ স্থাপনকাজ দ্রুত সমাপ্ত করতে হবে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, টেকেরহাট ব্রীজ হতে দক্ষিণগামী খটকচর পর্যন্ত সওজ রাস্তার পাশে বনবিভাগ কর্তৃক রোপিত বিদ্যমান গাছসমূহ ও ইশিবপুর বোর্ডঘর সংলগ্ন ৫ টি রেইনট্রি | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা। |

| ক্রংনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা |
|---|---|---|---|---|
| | | গাছ, টেকেরহাট মিল্কভিটা কারখানা সংলগ্ন কারখানা ভবন, বাসাবাড়ি নির্মাণের জন্য ৭২৩ টি বিভিন্ন প্রজাতীর গাছ, হরিদাসদী-মহেন্দ্রদী উচ্চ বিদ্যালয়ের নামাজের স্থান ও অডিটোরিয়াম নির্মাণের জন্য ৪৭ টি গাছ এবং বন উন্নয়ন প্রচেষ্টা কর্তৃক রোপিত বিভিন্ন রাস্তায় ঝুকিপূর্ণ/উন্নয়নমূলক কাজের জন্য গাছ কর্তন করতে উপজেলা বন ও পরিবেশ কমিটির অনুমোদন প্রয়োজন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, ১৮/১২/২০২৩ খ্রি তারিখের টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ-ক) চাল : ৭৮৪৪.০৯১ মে: টন, খ) গম : ২০২. ৬৫৭ মে: টন, গ) খালিবস্তা : ৪৯৬৭৬ খানা। সারাদেশের ন্যায় রাজৈর উপজেলা হতেও অভ্যন্তরীণভাবে সরকার রাজৈর উপজেলা হতে ২২৬৫.০০০ মে: টন আমন সিদ্ধ চাল এবং ১৯৮,০০০ মে: টন আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এর মধ্যে আমন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে ১০৭৩,০০০ মে: টন। লটারীর মাধ্যমে নির্বাচিত কৃষকগণের মধ্য হতে এখন পর্যন্ত কোন কৃষক টেকেরহাট এলএসডিতে ধান বিক্রয় করতে আসেননি। যোগাযোগ করে জানা যায় ধানের বাজার দর সরকারের ক্রয়মূল্যের কাছাকাছি হওয়ায় তারা এলএসডিতে ধান সরবরাহেহ আগ্রহী নন। নভেম্বর/২৩ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম চলমান অবস্থায় আছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০ জন ভোক্তার মাঝে (১২,৭৪০×৫)= ৬৩.৭০০ মে: টন চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের চাল সরবরাহ করা হয়। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের  মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। চলতি ডিসেম্বর/২৩ মাসের চাহিদাপত্র এখন পাওয়া যায় নাই। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য  কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ৩০ জন সেলাই প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত ৩মাস মেয়াদী প্রশিক্ষণার্থী ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম গ্রহণ করা হচ্ছে। ভিডব্লিউবি এর চাল বিতরণের জন্য নভেম্বর/২৪ মাসের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করা হয়েছে। চলতি মাসে বাল্য বিবাহের কোন তথ্য পাওয়া যায়নি। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক কাযক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ০১ টি প্রধান ফসল আমনের নমুনা কর্তন ও হিসাব প্রাক্কলনের কাজটি চলছে এবং অন্যান্য অপ্রধান ফসলের হিসাব প্রাক্কলন করে নির্ধারিত সময়ে জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। ০২ টি পিএসইউ এলাকার এসভিআরএস নামক বিবিএস এর একটি জরিপ কাজের ডিসেম্বর মাসের তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫ ডিসেম্বর হতে শুরু হয়েছে | দাপ্তরিক কাযক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষন অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে লাইন নির্মাণ-চলতি-০ কি মি. ক্রমপুঞ্জিত-২.৩৬ কি মি (২) নতুন গ্রাহক সংযোগ (নভেম্বর-২০২৩)ঃ- আবাসিক-১৪৩ টি, বানিজ্যিক-২২ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০১ টি, শিল্প-০২ টি, সেচ-০, অটো চার্জ স্টেশন-০১, অন্যান্য-০৩, মোট-১৭২ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৫৬৬৩ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম- | নিয়মিত বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। ভূতুরে বিল যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া নভেম্বর-২০২৩ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ২৯০২৮৪২/- টাকা। | | |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুজি গঠন, সরকার প্রদেয় উৎসাহ বোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৭১৪০০০/- (সাত লক্ষ চৌদ্দ হাজার) টাকা ও ঋণ আদায়ের পরিমান ১১৫৮০০০০/- (এক কোটি পনেরো লক্ষ আশি হাজার) টাকা ও ঋণ প্রদানের পরিমান ১.০৯৭৫/- (এক কোটি নয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকা। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | ইউডিএফ, রাজৈর সভায় বলেন যে, ষষ্ঠ পর্যায়ের অবকাঠামো উপপ্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য ঠিকাদারকে ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছিল ২ মাস পূর্বে। কিন্তু কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। এছাড়া স্মার্ট টিভি সরবরাহ প্রকল্পটি দরপত্র মূল্যায়ন পর্ব শেষ করে দ্রুত ঠিকাদারকে ওয়ার্ক অর্ডার দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। সকলের সহযোগিতা কামনা করে দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, রাজৈর ও ইউডিএফ, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প। |
| ২৫ | উপজেলা পাট পরিদর্শক | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার। |
| ২৭ | বিবিধ আলোচনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন উপজেলা পরিষদকে না জানিয়ে কদমবাড়ির মঠবাড়িয়ার রাস্তার বিল প্রদান না করার জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। চেয়ারম্যান, ইশিবপুর ইউপি'র উত্থাপিত বিষয়ে উপজেলা প্রাণি সম্পদ অফিসারের সাথে আলোচনা করে ব্যবস্থা নেয়া হবে। বিভিন্ন ভোট কেন্দ্র মেরামতের বিষয়ে সংশ্লিষ্ট মেয়র/ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির নিয়মিত সভা হয়না। নিয়মিত সভা করে কার্যবিবরণী, নোটিশ ও উপস্থিতি হাজিরা প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবদের অনুরোধ করছি। জনাব সাগরী বেগম, গ্রাম-চরমস্তফাপুর, রাজৈর কর্তৃক আকস্মিক অগ্নিকান্ডে তার ৩টি গরুসহ গোয়ালঘর পুড়ে যাওয়ায় আর্থিক সাহায্য চেয়ে আবেদন করেছেন। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। বিজয় দিবসে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন রাস্তা বীর মুক্তিযোদ্ধাদের নামে নাম করনের অনুরোধ করা হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাব প্রেরণের অনুরোধ করেন। নির্বাচনকালীন সময়ে চুরি বেড়ে যায়। দাপ্তরিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণসহ অফিসের চতুর্পাশের আগাছা ময়লা আবর্জনা পরিষ্কার করা অনুরোধ করা হয়।<br>(গ) চেয়ারম্যান, আমগ্রাম ইউপি, রাজৈর বলেন গত ৬ মাস যাবত মাতৃত্বকালীন ভাতা আমার ইউনিয়নবাসী পাচ্ছে না। অফিসে তালিকা দেওয়ার পর নাম পরিবর্তন হয়ে যেত। নতুন অফিসারের নিকট অনুরোধ বিগত দিনের সমস্যা যাতে আর না হয়।<br>(ঘ) চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর বলেন বিগত মহিলা বিষয়ক কর্মকর্তার বিভিন্ন অনিয়মের বিষয়ে মাননীয় এমপি মহোদয়কে অবহিত করা হয়েছিল। নবাগত মহিলা বিষয়ক কর্মকর্তাকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | (ক) বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ১৭ টি স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবকে অনুরোধ করা হয় এবং সাগরী বেগমকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর (ঘ) নং অনুচ্ছেদের অপ্রত্যাশিত খাত হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করা হয়।<br>(ঘ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঙ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর বলেন ইউপি ভবন ও কমিউনিটি ক্লিনিকের পাশের গাভী প্রজনন সেড অন্যত্র সরিয়ে ইউপি ভবনের পিছনে জনাব আলাউদ্দীন শেখ এর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করা প্রয়োজন। সেডটি বর্তমানে সম্পূর্ণ অকেজো হয়ে আছে | (ঙ) অব্যবহৃত প্রজনন সেডটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | | (চ) চেয়ারম্যান, বাজিতা ইউপি, রাজৈর বলেন বাজিতা ইউপি সংযোগ রাস্তা, নুরপুর, শিমুলতলা, চিকনদিসহ বাজিতা ইউপির অন্যান্য রাস্তা মেরামত করা প্রয়োজন। সকল রাস্তার আইডি নম্বর দেয়া হয়েছে। | (চ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |
| | | (ছ) চেয়ারম্যান, কবিরাজপুর ইউপি, রাজৈর বলেন কবিরাজপুর ইউনিয়নের এলজিইডির মাধ্যমে কিশোরদিয়া ও সাবেক স্বাস্থ্য সচিব মহোদয়ের বাড়ির রাস্তাসহ ২ টি রাস্তার কাজ গত ২বছর পূর্বে শুরু হয়ে অদ্যাবধি শেষ হচ্ছে না। সচিব মহোদয়ের বাড়ির রাস্তায় খোয়া দিয়ে রাখা হয়েছে। কাজ অত্যন্ত ধীরগতিতে আগাচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করেন | (ছ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |
| | | (জ) চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর বলেন ছাগলছিড়া দামেরচর রাস্তা বৈরাগী বাজারের পূর্ব পর্যন্ত কার্পেটিংসহ ভেঙ্গে গেছে। দামেরচর স্কুলের সীমানা প্রাচীর নির্মাণ কাজ শুরু করা হচ্ছে না। ভোট কেন্দ্র মেরামত কাজ ও বিল ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে প্রদানের অনুরোধ করেন। | (জ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |
| | | (ঝ) সভাপতি, দুপ্রক, রাজৈর সভায় বলেন রাজৈর পৌরসভা কর্তৃক রাজৈর কলেজ রোডের পার্শের জলাবদ্ধতা নিরসনের জন্য ব্যবস্থা নেয়ায় মেয়র, রাজৈর পৌরসভাকে ধন্যবাদ। উপজেলা খাদ্য অফিসের পাশে পুকুরের পানি সেচ দিয়ে রাস্তা করা সম্ভব হবে না। প্যালাসাইডিং প্রয়োজন। কাজের গুণগতমান বজায় রাখতে নিয়মিত তদারকি করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, রাজৈর পৌরসভাকে অনুরোধ করেন। | (ঝ) ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, রাজৈর পৌরসভাকে অনুরোধ করা হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৭২০২ তারিখঃ ১৮-১২-২০২৩ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা ............................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), .................................. ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

১৮.১২.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।